

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৭২.০২৫.০০.০০.০৩৬.২০১২-৪৮৮

তারিখঃ ০৫ .০৮.২০১৪ খ্রিঃ

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব  
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “০৪টি মেডিকেল কলেজ হাসপাতালের অধিকতর উন্নয়ন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৩৫ (পঁয়ত্রিশ)টি পদের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর সংক্রান্ত।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪.১২.২০০১ তারিখের টিম ৫(২)-৩০/৯৮/১৯৬ সংখ্যক স্মারক এবং অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ এর ১৫.০৩.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭০১.৫৯.২০১৩-১১৯ সংখ্যক স্মারকের সম্মতি প্রেক্ষিতে এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৩.০৭.২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৪৫.০৯৭.১২-১২৮ সংখ্যক স্মারকে বেতন স্কেল নির্ধারণের সম্মতি প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন “০৪টি মেডিকেল কলেজ হাসপাতালের অধিকতর উন্নয়ন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের নিম্নবর্ণিত ৩৫ (পঁয়ত্রিশ)টি পদ জনবলসহ প্রকল্প সমাপ্তির পরদিন হতে অর্থাৎ ০১.০৭.১৯৯৮ তারিখ হতে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের শূন্য পদে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরে শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। পদসমূহের বিবরণ নিম্নরূপ :

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিতকৃত বেতনস্কেল (জা:বে:কে:স্কেল,২০০৯)	যোগ্যতা/অভিজ্ঞতা	যে প্রতিষ্ঠানের স্থানান্তর হবে
১	২	৩	৪	৫
১	স্টেনোটাইপিষ্ট ০১ (এক)টি	টা: ৫২০০-১১২৩৫ (১৪ নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ী উচ্চ মাধ্যমিক বা সমমানের পাশ এবং তৎসহ বাংলা ও ইংরেজি সাটলিপি-তে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ এবং মুদ্রাক্ষর লিখনে ২৩ ও ২৮ শব্দের গতি থাকতে হবে।	স্বাস্থ্য অধিদপ্তরের শূন্য পদের বিপরীতে
২	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর ০৬ (ছয়)টি	টা: ৪৭০০-৯৭৪৫ (১৬ নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ী উচ্চ মাধ্যমিক এবং সমমানের পাশ এবং তৎসহ মুদ্রাক্ষর লিখনে বাংলা ও ইংরেজি যথাক্রমে ২০ ও ৩০ শব্দের গতি থাকতে হবে।	রাজস্ব: মেডি: কলেজ হাস: শূন্য পদের বিপরীতে-০১টি, ময়:মেডি: কলেজ হাস: শূন্য পদের বিপরীতে -১টি, সিলেট এমএজি ওসমানী মেডি: কলেজ হাস: শূন্য পদের বিপরীতে-০১টি, স্যার সলিমুল্লাহ মেডি: কলেজ হাস: শূন্য পদের বিপরীতে- ১টি, স্বাস্থ্য অধি: শূন্য পদের বিপরীতে ২টি।
৩	ভ্যাটিক্যাল ট্রান্সপোর্ট এটেনডেন্ট ০১ (এক)টি	টা: ৪৫০০-৯০৯৫ (১৭ নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ী ক) এসএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ খ) সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে ন্যূনপক্ষে ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ। গ) কোন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সুপারিশের ভিত্তিতে উক্ত পদটি ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নব সৃষ্ট শূন্য পদের বিপরীতে ওয়ার্ড মাস্টার পদের বিপরীতে পদায়ন।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য


ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিতকৃত বেতনস্কেল (জা:বে:কে:স্কেল, ২০০৯)	যোগ্যতা/অভিজ্ঞতা	যে প্রতিষ্ঠানের স্থানান্তর হবে
৪	অফিস সহায়ক (এম,এল,এস, এস) ২৪ (চব্বিশ)টি	টা: ৪১০০-৭৭৪০ (২০নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ী অষ্টম শ্রেণী পাশ। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	ময়:মেডি: কলেজ হাস: শূন্য পদের বিপরীতে-৭টি, সিলেট এমএজি ওসমানী মেডি: কলেজ হাস: শূন্য পদের বিপরীতে-১১টি, স্যার সলিমুল্লাহ মেডি: কলেজ হাস: শূন্য পদের বিপরীতে-৪টি, স্বাস্থ্য অধি: শূন্য পদের বিপরীতে-২টি
৫	লিফটম্যান ০১ (এক)টি	টা: ৪২৫০-৮১৪০ (১৯নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ী ক) অষ্টম শ্রেণী পাশ। খ) কোন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে শূন্য পদের বিপরীতে- ১টি।
৬	সহকারী জেনারেলের ডাইভার/ অফিস সহায়ক (এম,এল,এস,এস) ০২ (দুই)টি	টা: ৪১০০-৭৭৪০ (২০ নং স্কেল)	ক) অষ্টম শ্রেণী পাশ। খ) কোন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী ০৪টি মেডিকেল কলেজ হাসপাতালের যে কোন প্রতিষ্ঠানে এমএলএসএস এর শূন্য পদের বিপরীতে ২টি পদে পদায়ন।

০২। এ আদেশ জারীর পূর্বে এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণসহ আবশ্যিক সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

০৩। উল্লিখিত পদসমূহের ব্যয় স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ হবে।

তবে শর্ত থাকে যে,

- ক. উপরের ছকের ৩ নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৪নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতায় কার্যকর হবে;
- খ. পদ সংরক্ষণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপস-১১/২০০১/১১১ নং প্রজ্ঞাপন অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- গ. আলোচ্য সমাপ্ত প্রকল্পের সুপারিশকৃত পদ রাজস্ব খাতে নিয়মিতকরণের ক্ষেত্রে “উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতার নির্ধারণ বিধিমালা-২০০৫” (এসআরও নং-১৮২-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০, তারিখ ২০.০৬.২০০৫)-এর ৪নং ধারার বিধানাবলীসহ প্রযোজ্য সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ঘ. এতদসংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের শর্তাবলি প্রতিপালন করতে হবে;
- ঙ. ৪র্থ শ্রেণী পদগুলোর মধ্যে কোন পদ মৃত্যু, অবসরজনিত বা অন্য কোন কারণে শূন্য হলে তা Outsourcing এর মাধ্যমে পূরণ করতে হবে;
- চ. পদের মঞ্জুরী আদেশ (জি,ও) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করতে হবে;
- ছ. উল্লিখিত ৩৫টি পদে অব্যাহতভাবে কর্মরত কর্মচারীগণ প্রকল্প সমাপ্তির পরদিন অর্থাৎ ০১.০৭.১৯৯৮ তারিখ হতে যে সময় পর্যন্ত শোক বরাদ্দ হতে বেতন-ভাতাদি পেয়েছেন সে সময়ের জন্য তার কোন বকেয়া বর্ধিত ইনক্রিমেন্ট কিংবা অন্য কোন বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না ;
- জ. প্রকল্পের যানবাহন ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কেন্দ্রীয় পরিবহন পূলে সমর্পণ করা না হলে অবিলম্বে তা সমর্পণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে; এবং
- ঝ. এ বিষয়ে প্রচলিত অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।



(সালমা সিদ্দিকা মাহতাব)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৯৫৫৩


saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫.১৭২.০২৫.০০.০০.০৩৬.২০১২-৪৮৮/২(২)

তারিখঃ ০৫.০৮.২০১৪ খ্রিঃ

অনুলিপি ৪(চার) কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা-এর বরাবরে পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগে (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬) প্রেরণ করা হলো।

  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব

নং-

তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬) এর সম্মতি রয়েছে।


উপ-সচিব  
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৫.১৭২.০২৫.০০.০০.০৩৬.২০১২-৪৮৮/২(২০)

তারিখঃ ০৫.০৮.২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ( রাজস্বখাতে অস্থায়ীভাবে স্থানান্তরিত উল্লিখিত ৩৫টি পদের বেতন ভাতাদি স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে। সে অনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। পরিচালক, প্রশাসন/ অর্থ/ এমআইএস/ পরিকল্পনা ও গবেষণা/ হাসপাতাল ও ক্লিনিক সমূহ/লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপ-সচিব (বাজেট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-সচিব/ সিনিয়র সহকারী সচিব, (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬/বাস্তবায়ন শাখা-৩/বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা বিভাগ/রাজশাহী/সিলেট।
- ৮। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ১১। মুগ্ধসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব